# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | প্রথম অধ্যায়: উন্নততর জীবনধারা | **১.১ খাদ্য ও পুষ্টি**, ১.১.১ **শর্করা বা কার্বোহাইড্রেট, ১.১.২ আমিষ বা প্রোটিন, ১.১.৩ স্নেহ পদার্থ বা লিপিড।**<br>১.৪.১ খাদ্য সংরক্ষণ<br>১.৩.২ উন্নত জীবন যাপনের জন্য খাদ্য উপাদান বাছাই<br>**১.১.৪ খাদ্য প্রাণ বা ভিটামিন**<br>**১.১.৫ খনিজ পদার্থ এবং পানি**<br>**১.১.৬ রাফেজ বা আঁশ।**<br>১.২ বডিমাস ইনডেক্স<br>১.৪.২ খাদ্যদ্রব্য সংরক্ষণে রাসায়নিক পদার্থের ব্যবহার ও এর শারীরিক প্রতিক্রিয়া<br>১.৫ তামাক ও ড্রাগস,<br>১.৬ ড্রাগ আসক্তি<br>১.৭ এইডস<br>১.৮ স্বাস্থ্য রক্ষায় শরীরচর্চা এবং বিশ্রাম। | ১। বৃহস্পতিবার প্রমার আম্মু চাল, ডাল, উদ্ভিজ্জভোজ্য তেল, সবজি এবং মাংস মিশিয়ে খিচুড়ি রান্না করলেন। বিকেলে প্রমা পেয়ারা খেতে খেতে তার আব্বুকে বললো যে কাল তারা বাইরে বেড়াতে যাবে এবং বাইরে খাবে। কথামত শুক্রবারে তারা বাইরে গিয়ে দুপুরে ফ্রাইড রাইস, ফ্রাইড চিকেন, সফট ড্রিংক এবং বিকেলে বার্গার খেলো।<br>ক) প্রমার গৃহীত খাবারগুলোর মধ্যে কোন খাবারটি ভিটামিন E সমৃদ্ধ?<br>খ) উল্লেখিত খাবারগুলোর মধ্যে কোন খাবার উদ্ভিজ্জ উৎস ও কোন কোন খাবার প্রাণিজ উৎস থেকে পাওয়া তা ছকের মাধ্যমে দেখাও।<br>গ) বৃহস্পতিবার প্রমার গৃহীত খাবারের একটি সুষম খাদ্য পিরামিড এঁকে উপস্থাপন কর।<br>ঘ) প্রমার স্বাস্থ্য রক্ষায় কোন দিনের খাবারটি অধিকতর সহায়ক? যুক্তিসহকারে বিশ্লেষণ কর।<br><br>২। শিক্ষার্থী হিসেবে তোমার ২৪ ঘন্টার একটি রুটিন তৈরি কর এবং সেখানে নিম্নলিখিত বিষয়গুলো উপস্থাপন কর।<br>ক) তিনবেলার খাবার, টিফিন ও বিকালের নাস্তা<br>খ) বিশ্রাম (ঘুম) ও শরীর চর্চা<br>গ) সারাদিনের কার্যাবলী (পড়ালেখা, ঘরের কাজ, বাইরের কাজ ইত্যাদি)<br>ঘ) খেলাধুলা (বাড়িতে)<br>ঙ) প্রার্থণা<br>চ) অবসর | ১।<br>➢ পাঠ্যবইয়ের সহায়তা নিতে পারে।<br>➢ চিত্র হাতে আঁকতে হবে। সাদাকালো বা রঙ্গিন যে কোনটি হতে পারে।<br><br>২।<br>➢ পাঠ্যবইয়ের সহায়তা নিতে পার।<br>➢ প্রতিটি বিষয় নির্বাচনের কারণ ব্যাখা করতে হবে।<br>➢ দৈনিক রুটিন যাতে সার্বিক সুস্বাস্থ্যের সহায়ক হয় সেদিকে খেয়াল রাখতে হবে। | **অতি উত্তম:**<br>১. অঙ্কনের নান্দনিকতা, সঠিকতা, চিহ্নিতকরণ।<br>২. নির্ভুল তথ্যের উপস্থাপনা, সঠিক যুক্তি প্রদান ও পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ন সঙ্গাতিপূর্ণ।<br>৩. বিষয়বস্তুর গভীরতা পূর্ণমাত্রায়।<br>৪. চিত্র পরিপূর্ণ মাত্রায় সঠিক।<br>**উত্তম:**<br>৫. অঙ্কনের সঠিকতা, চিহ্নিতকরণ।<br>৬. নির্ভুল তথ্যের উপস্থাপনা, সঠিক যুক্তি প্রদান ও পাঠ্যপুস্তকের সাথে অধিকাংশ সঙ্গাতিপূর্ণ।<br>৭. বিষয়বস্তুর গভীরতা অধিকাংশ<br>৮. চিত্র ও চিহ্নিতকরণ অধিকাংশ ক্ষেত্রে সঠিক<br>**ভালো:**<br>১. অঙ্কনের সঠিকতা।<br>২. নির্ভুল তথ্যের উপস্থাপনা, সঠিক যুক্তি প্রদান ও পাঠ্যপুস্তকের সাথে আংশিকভাবে সঙ্গাতিপূর্ণ।<br>৩. বিষয়বস্তুর গভীরতা কম।<br>৪. চিত্র ও চিহ্নিতকরণে অসঙ্গাতি।<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. অঙ্কনে সঠিকতার অভাব<br>২. তথ্যের উপস্থাপনা, সঠিক যুক্তি প্রদান পাঠ্যপুস্তকের সাথে অসঙ্গাতিপূর্ণ।<br>৩. বিষয়বস্তুর গভীরতা নেই<br>৪. চিত্র ও চিহ্নিতকরণ ভুল। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: বাংলাদেশ ও বিশ্ব পরিচয়**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | প্রথম অধ্যায়:<br>পূর্ব বাংলার আন্দোলন ও জাতীয়তাবাদের উত্থান (১৯৪৭-১৯৭০) | ১.১ বাঙালি জাতীয়তাবাদের বিকাশে ভাষা আন্দোলন-৪<br>১.২ বাঙালি জাতীয়তাবাদে রাজনৈতিক আন্দোলনের ভূমিকা-৫<br>১.৩ সামরিক শাসন ও পরবর্তী ঘটনা প্রবাহ (১৯৫৮-৭০)-৯ | ১৯৫২, ১৯৬৬, ১৯৭০ সাল বাংলাদেশের ইতিহাস বিনির্মানে অত্যন্ত গুরুত্বপূর্ণ কিছু সময়। এর মাঝে কোন সালের ঘটনাপ্রবাহ বাংলাদেশের স্বাধীনতা অর্জনে অধিকতর প্রেরণা যুগিয়েছিল বলে তুমি মনে কর? যুক্তিসহ তোমার মতামত তুলে ধর। | ১. উল্লিখিত সালগুলির সাথে সম্পর্কিত ঘটনাগুলি ধারাবাহিকভাবে উল্লেখ করবে।<br>২. যে ঘটনাটি মুক্তিযুদ্ধে প্রেরণা হিসেবে কাজ করেছে তা ব্যাখ্যা করবে।<br>৩. উত্তরের স্বপক্ষে যুক্তি প্রদর্শন করবে।<br>৪. নিজস্ব মতামত প্রদান করবে। | **ক. অতি উত্তম:**<br>১. পরিপূর্ণমাত্রায় বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**খ. উত্তম:**<br>অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে অধিকাংশ ক্ষেত্রেই সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা বিদ্যমান<br>**গ. ভালো:**<br>বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি আংশিকভাবে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা বিদ্যমান<br>**ঘ. অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২. লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি সঙ্গতির অভাব<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: বাংলা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স | |
|---|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | গদ্য (প্রবন্ধ) | বই পড়া<br>প্রমথ চৌধুরী | **অনুচ্ছেদ রচনা:**<br>'স্বশিক্ষা অর্জনে বই পড়ার গুরুত্ব' | 'বই পড়া' প্রবন্ধটির আলোকে শিক্ষার্থীরা অনুচ্ছেদটি রচনা করবে। প্রয়োজনে 'বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি' বই থেকে অনুচ্ছেদ লেখার নিয়ম অনুসরণ করবে। | ক. অতি উত্তম | ১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা |
| | | | | | খ. উত্তম | ১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা |
| | | | | | গ. ভালো | ১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. পাঠ্যপুস্তকের সাথে আংশিকভাবে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা |
| | | | | | ঘ. অগ্রগতি প্রয়োজন | ১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ নয়<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব |